# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 10 April, 2025

জামালপুরের ইসলামপুর উপজেলার নোয়ারপাড়া ইউনিয়নের কাঠমা কৃষ্ণনগর মৌজায় প্রায় ৫০০ একর ফসলি জমি দখলের ষড়যন্ত্রের বিরুদ্ধে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১০ এপ্রিল) দুপুরে কাঠমা কৃষ্ণনগর এলাকায় এই কর্মসূচি পালন করেন স্থানীয় কৃষক ও ভূমির মালিকগণ।এতে এলাকার শত শত ভুক্তভোগী কৃষক ও সাধারণ মানুষ অংশগ্রহণ করেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন- বাদল আকন্দ, রেজাউল করিম, আব্দুল লতিফ, হুমায়ুন কবির, জহুরুল মেম্বার, সোলাইমান মেম্বার, কামরুল ইসলাম ও আসাদ মাস্টারসহ অনেকে।

বক্তারা অভিযোগ করে বলেন, সাপধরী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জয়নাল আবেদীন প্রামাণিক, রফিক উদ্দিন প্রামাণিক এবং আব্দুল হামিদ প্রামাণিকের নেতৃত্বে একটি চক্র দীর্ঘদিন ধরে কৃষকদের জমি দখলের পাঁয়তারা চালিয়ে আসছে।প্রকৃত মালিকদের কাছ থেকে জমির মালিকানা কেড়ে নেওয়ার এমন চেষ্টার প্রতিবাদ জানিয়ে জমির প্রকৃত মালিকরা এ কর্মসূচির আয়োজন করে।

হুমায়ুন কবির বলেন, “আমাদের আদি পৈত্রিক সম্পত্তি দখলের চেষ্টাকে আমরা কোনোভাবেই মেনে নেব না।আমরা সরকারের কাছে দাবি জানাই, আমাদের ফসলি জমি থেকে দখলদারদের উচ্ছেদ করে প্রকৃত মালিকদের হাতে জমির দখল ফিরিয়ে দেওয়া হোক।”

দ্রুত প্রশাসনের হস্তক্ষেপ দাবি করে কামরুল ইসলাম বলেন, অবিলম্বে জমিগুলো দখলমুক্ত করে প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর না করলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে জানান তিনি।

মানববন্ধন ফসলি জমি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:08

URL: https://www.timestodaybd.com/mymensingh/575775807